



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jashoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৫৬০৫/৩৩৩

তারিখ : ১০-০৪-২০২৩ খ্রি.

বিষয় : বিধি বহির্ভূতভাবে কর্তনকৃত অর্থ ফেরত প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা কর্তৃক ১৬-০১-২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৪১৮.৫৫. ০০০. ৫৫.০০১.২১-৯৭ নম্বর স্মারকপত্র।

খ) জনাব মোছাঃ নাসিমা খাতুন, সহকারী শিক্ষক, আন্দুলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা কর্তৃক অনলাইন আবেদন (আইডি নম্বর-১৮৯৭৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন আন্দুলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোছাঃ নাসিমা খাতুন চলমান ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ দাখিল করলে উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে। প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির সহায়তায় মানহানিকর বক্তব্যের প্রেক্ষিতে জনাব মোছাঃ নাসিমা খাতুন এর বিরুদ্ধে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা জরিমানা করে মাসিক বেতনাদি থেকে কর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং অক্টোবর/২০ হতে মার্চ/২১ পর্যন্ত ০৬ (ছয়) মাসের ১২,১৫০/- (বার হাজার একশত পঞ্চাশ) টাকা বিধি বহির্ভূতভাবে কর্তন করেছেন। উল্লেখ্য, প্রধান শিক্ষক সহকারী শিক্ষক জনাব মোছাঃ নাসিমা খাতুন এর বিরুদ্ধে কোর্টে মানহানিকর মামলা করেন, কোর্ট এ অভিযোগের সত্যতা না পেয়ে মামলাটি খারিজ করেন। এমতাবস্থায় বিধি বহির্ভূতভাবে কর্তনকৃত টাকা ফেরত প্রদানের জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

সভাপতি, এডহক কমিটি/ম্যানেজিং কমিটি
আন্দুলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় (১১৫৪৩৮)
আন্দুলবাড়ীয়া, জীবননগর, চুয়াডাঙ্গা

প্রধান শিক্ষক
আন্দুলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় (১১৫৪৩৮)
আন্দুলবাড়ীয়া, জীবননগর, চুয়াডাঙ্গা


(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৫৬০৫/৩৩৩(১-৬)


তারিখ : ১০-০৪-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সংরক্ষণ নথি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর


১০/০৪/২৩